# উপজেলা পরিষদ কার্যালয়
মনপুরা, ভোলা।

“শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি”

| | | |
|---|---|---|
| সভার নাম | ঃ | জানুয়ারি/২০২২খ্রি. মাসের মাসিক সভা। |
| সভার তারিখ | ঃ | ৩১/০১/২০২২ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভার সভাপতি | ঃ | জনাবা শেলিনা আকতার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা। |

<u>জুম মিটিং</u>

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয় । অত:পর উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপস্থিত সকল কর্মকর্তাকে সভায় আলোচিত বিষয়ের উপর নোট নিতে অনুরোধ করা হয়; যাতে পরবর্তী সভার পূর্বেই সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারেন। অত:পর পর্যায়ক্রমে বিভিন্ন বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরুপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বিভাগ/দপ্তরওয়ারী আলোচনা/তথ্য | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **<u>উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম পর্যালোচনা ঃ</u>**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২২ চর কলাতল তে ০৫টি বুথ স্থাপন করে টিকা প্রদান করা হবে এবং ১৮ ফেব্রুয়ারি ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে অবশিষ্ট সকলকে টিকা প্রদান করা হবে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে এবং সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, |
| ০২ | **<u>কৃষি বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা কৃষি অফিসার, মনপুরা, সভায় জানান যে, প্রান্তিক কৃষকদের মাঝে বিতরনের জন্য রবিশষ্য প্রণোদোনা তালিকা এখনো পাওয়া যায়নি। প্রান্তিক কৃষকদের মাঝে দ্রুততম সময়ের মধ্যে রবিশষ্য বিতরনের উদ্দেশ্যে তিনি সকল ইউপি চেয়ারম্যনগনকে তালিকা প্রনয়নপূর্বক জমা প্রদানের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সকল চেয়ারম্যানগনকে দ্রুত তালিকা সরবরাহের অনুরোধ জনানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৩ | **<u>উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা মনপুরা ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলা। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **<u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>মনপুরা, সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ প্রাণিসম্পদ প্রদর্শনীর আয়োজন করা হবে। কোভিড-১৯ পরিস্থিতির কারনে তারিখ পরিবর্তণ হলে তা সকলকে অবহিত করা হবে। দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৫ | **<u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে সাধারন ১ম পর্যায়ের টিআর এবং কাবিখা, কাবিটা কর্মসূচীর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। সাধারন ২য় পর্যায়ের টিআর বরাদ্দ পাওয়া গেছে এবং ইউনিয়ন সমূহ হতে প্রকল্প পাওয়া গেছে। উক্ত প্রকল্প/তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের বরাবরে প্রেরণ করা হয়েছে। ১১৬৪টি কম্বল ক্রয় করে উক্ত কম্বল ০৪টি ইউনিয়ন পরিষদের মধ্যে বিতরণ সম্পন্ন করা হয়েছে। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মান প্রকল্পের ১০টি ঘরের মধ্যে ০৮টি ঘরের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। বাকী ০২টি ঘরের কাজও চলমান রয়েছে। মুজিববর্ষের ৩য় পর্যায়ের ৫০টি ঘরের নির্মান কাজ চলমান রয়েছে। ০৩টি মুজিব কিল্লার মধ্যে ০১টির কাজ চলমান রয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৬ | **<u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | সকল ইউপি চেয়ারম্যানদের দ্রুত তালিকা সরবরাহের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৭ | **<u>উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। উপজেলা প্রশাসন ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সাথে সমন্বয় করে শিক্ষার্থীদের টিকা কার্যক্রম অব্যহত রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা |
| ০৮ | **<u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৯ | **<u>উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা যুব কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ জাইকার অর্থায়নে ইউজিডিএফ প্রকল্পের "মাশরুম চাষ" ও " ফ্রিল্যাসিং" সংক্রান্ত প্রশিক্ষণ শুরু হবে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১০ | <u>উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u><br><br>১। কোড়ালিয়া বাজার সংলগ্ন ওয়াশ ব্লক নির্মাণ ।<br><br>মনপুরা উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সভাপতির অনুমতিক্রমে, উপজেলা পরিষদের সদস্য এবং প্রকল্প বাছাই কমিটির সদস্য সচিব উপজেলা প্রকৌশলী জনাব মোঃ সাইফুল ইসলাম রাকিব বলেন জিওবি ও জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ | ১) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>আলোচনান্তে | উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা। |

৩১/০১/২০২২

কর্তৃক পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত উপ-প্রকল্প সমূহ টেন্ডারের মাধ্যমে ৪র্থ ধাপে মনপুরা উপজেলা ০৩টি কাজের মধ্যে ১টি কাজ প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ঠিকাদার মেসার্স লিয়ন এন্টারপ্রাইজ, মনপুরা, ভোলা কর্তৃক কোড়ালিয়া বাজার সংলগ্ন ওয়াশ ব্লক নির্মাণ কাজের (উপ-প্রকল্প নং- INF-2019-20-100965-03)কাজের প্রাক্কলিত মূল্য ১২,৭৩,৪৫১/- ও চুক্তি মূল্য ১২,৭২,১৭৮/- উক্ত কাজ সম্পন্ন করিয়া বিলের জন্য আবেদন করেন। উক্ত আবেদন প্রেক্ষিতে প্রকল্প কাজ সমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক উপজেলা প্রকৌশলী কাজ সমাপ্তি প্রতিবেদন দাখিল করেন। যাহার প্রেক্ষিতে উক্ত প্রকল্প একটি আগামী ২৭/০১/২০২২খ্রিঃ তারিখে উদ্ভধণী অনুষ্ঠান নির্ধারন করা হয় ও উদ্ভধনী অনুষ্ঠান শেষে বিল প্রস্তুত পূর্বক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের, পরিচালক মহোদয়ের বরাবর প্রেরণ করার প্রয়োজন।

উল্লেখিত উপজেলা পরিষদের মাসিক সভায় চূড়ান্ত অনুমোদনে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা-ভোলাকে দ্রুত ১টি কাজের বিল প্রস্তুত পূর্বক প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর আওতায় ৩কিস্তি বরাদ্দ ৫৯,৯৭,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। সম্ভাব্য ০৪কিস্তি অনুযায়ী = ৭৯,৯৬,০০০/- এর মধ্যে আনুষাঙ্গিত খরচ বাদ দিয়ে = ৭৯,১৬,০৪০/- টাকা ০৪টি ইউনিয়ন হতে নিম্নোক্ত তালিকা সমূহ পাওয়া গেছে। যাহা যাচাই বাছাই কমিটির সুপারিশসহ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদন পাওয়া আবশ্যক। সুপারিশসহ প্রাপ্ত স্কীম তালিকা নিম্নরূপ।

| ক্রঃনং | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ১নং মনপুরা ইউনিয়নে চরকলাতলী মরহুম জাফর উল্যাহ চৌধুরী জামে মসজিদ মাঠ সিসি করন। | ২,০০,০০০/- | পিআইসি |
| ০২ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নে ছকিনা খাতুন নুরানী মাদ্রাসার রাস্তা সিসি করন। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ০৩ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নে মহিলা মাদ্রাসা সংলগ্ন রাস্তার উপর কালভার্ট নির্মাণ। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ০৪ | ২নং হাজীর হাট ইউনিয়নে চরকৃষ্ণ প্রসাদ জিপিএস হতে পূর্বে বেড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ০৫ | ২নং হাজীর হাট ইউনিয়নে নতুন কোর্ট ভবন সংলগ্ন ঘাটলা নির্মাণ। | ৪,০০,০০০/- | টেন্ডার |
| ০৬ | ১নং মনপুরা ইউনিয়নের ১নং মনপুরা ইউনিয়নের মাছঘাট সংলগ্ন টয়লেট নির্মান | ২,০০,০০০/- | পিআইসি |
| ০৮ | ২নং হাজীর হাট ইউনিয়নের ৪নং ওয়ার্ডে মজু সর্দার বাড়ী জামে মসজিদ রাস্তা সিসি করন। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ০৯ | ১নং মনপুরা ইউনিয়নের হতদরিদ্রদের মাঝে বিনামূল্য বিতরণের জন্য রিং স্লাব নির্মাণ। | ১,৪০,০০০/- | টেন্ডার |
| ১০ | ২নং হাজীর হাট ইউনিয়নের হাজীর হাট নুরানী মাদ্রাসা রাস্তা সিসি করন। | ১,১৬,০৪০/- | টেন্ডার |
| ১১ | হাজীর হাট হেড কোয়ার্টার - রামনেওয়াজ জিসি রোড পটহোল দ্বারা মেরামত করন। | ২,০০,০০০/- | পিআইসি |
| ১২ | ১নং মনপুরা ইউনিয়ন আন্দিরপাড় ব্লক বেড়ী থেকে লতিফ ভূইয়া বাড়ীর সামনে হয়ে আন্দিরপাড় জিপিএস পর্যন্ত রাস্তা সিসি করন পার্ট-১। | ১০,৪০,০০০/- | টেন্ডার |
| ১৩ | ১নং মনপুরা ইউনিয়ন আন্দিরপাড় ব্লক বেড়ী থেকে | ২,০০,০০০/- | পিআইসি |

২) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উল্লেখিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে চূড়ান্তভাবে ও অনুমোদিত গৃহীত হয়।

উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা।

৩১/০১/২০২২

| | | | |
|---|---|---|---|
| | লতিফ ভূইয়া বাড়ীর সামনে হয়ে আন্দিরপাড় জিপিএস পর্যন্ত রাস্তা সিসি করন, পার্ট-২ | | |
| ১৪ | ১নং মনপুরা ইউনিয়ন আন্দিরপাড় ব্লক বেড়ী থেকে লতিফ ভূইয়া বাড়ীর সামনে হয়ে আন্দিরপাড় জিপিএস পর্যন্ত রাস্তা সিসি করন, পার্ট-৩ | ২,০০,০০০/- | পিআইসি |
| ১৫ | ২নং হাজীর হাট ইউনিয়ন পরিষদ সিসি ক্যামেরা লাগানো। | ১,০০,০০০/- | |
| ১৬ | ২নং হাজীর হাট ইউনিয়ন পরিষদের গোডাউন নির্মাণ। | ১,৫০,০০০/- | পিআইসি |
| ১৭ | ২নং হাজীর হাট ইউনিয়নের হত দরিদ্রদের মাঝে বিনামূল্য বিতরণের জন্য রিংস্লাব নির্মাণ। | ৮০,০০০/- | পিআইসি |
| ১৮ | ২নং হাজীর হাট ইউনিয়নের হত দরিদ্রদের মাঝে বিনামূল্য বিতরণের জন্য রিংস্লাব নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ১৯ | ২নং হাজীর হাট ইউনিয়নের ৫নং ওয়ার্ডে রাস্তার পাইলিং নির্মাণ। | ৩,২৯,০০০/- | টেন্ডার |
| ২০ | ২নং হাজীর হাট ইউনিয়ন পরিষদের জন্য প্লাষ্টিকের ১০০ চেয়ার ক্রয়। | ৯৫,০০০/- | টেন্ডার |
| ২১ | ২নং হাজীর হাট ইউনিয়নের ১নং ওয়ার্ডে পানি নিস্কাসনের জন্য পাইপ বসানো। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ২২ | ২নং হাজীর হাট ইউনিয়নের ৩নং ওয়ার্ডে পশ্চিম চরযতিন জামে মসজিদ ল্যাট্রিন নির্মাণ। | ১,৮৬,০০০/- | টেন্ডার |
| ২৩ | ২নং হাজীর হাট ইউনিয়নের সোনার চর দোকানের সামনে ল্যাট্রিন | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ২৪ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের ১নং ওয়ার্ডে উত্তর সাকুচিয়া মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন ল্যাট্রিন নির্মাণ। | ১,০০,০০০/- | পিআইসি |
| ২৫ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের ২নং ওয়ার্ডে মন্নান পাটওয়ারী বাড়ীর দঃ পার্শ্বে রাস্তার উপর কালভার্ট নির্মাণ। | ১,০০,০০০/- | পিআইসি |
| ২৬ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৭নং ওয়ার্ডে ছিদ্দিক মিয়ার বাড়ীর দঃ পার্শ্বে রাস্তার উপর বক্স কালভার্ট নির্মাণ। | ১,০০,০০০/- | পিআইসি |
| ২৭ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডে নজির দালালের বাড়ীর পশ্চিম পার্শ্বে রাস্তার উপর বক্স কালভার্ট নির্মাণ। | ১,০০,০০০/- | পিআইসি |
| ২৮ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৭নং ওয়ার্ডে শাহে আলম মাঝির বাড়ীর উত্তর পার্শ্বে খালের উপর কালভার্ট নির্মাণ। | ৫,০০,০০০/- | টেন্ডার |
| ২৯ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের ১নং ওয়ার্ডে ক্রসডেম জামে মসজিদ সংলগ্ন ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ৩০ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের ১নং ওয়ার্ডে আল মদিনা জামে মসজিদ সংলগ্ন ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ৩১ | ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের হতদরিদ্রদের মাঝে বিনামূল্য বিতরণের জন্য রিং স্লাব নির্মা। | ১,৪০,০০০/- | টেন্ডার |
| ৩২ | ক) ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে ঢালী মার্কেট বাজারের ল্যাট্রিন নির্মাণ।<br>খ) ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে সিরাজগঞ্জ বাজারে ল্যাট্রিন নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৩৩ | ক) ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে রহমানপুর ৮নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক সংলগ্ন ল্যাট্রিন নির্মাণ।<br>খ) ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে ১নং ওয়ার্ডে জাকির মাওলানা মাদ্রাসা ও মসজিদ সংলগ্ন ল্যাট্রিন নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৩৪ | ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে ৩নং ওয়ার্ডে হানিফ হাজী বাড়ীর দক্ষিণ পার্শ্বে পানি নিস্কাশনের জন্য | ৪,০০,০০০/- | টেন্ডার |

৩১/০১/২০২২

| | | | |
|---|---|---|---|
| | সুর্যমূখী বেড়ী বাধের উপর পাইপ স্থাপন । | | |
| ৩৫ | ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন পরিষদের রাস্তা আরসিসি দ্বারা মেরামত করন। | ৩,৬১,০০০/- | টেন্ডার |
| ৩৬ | ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে ৯নং ওয়ার্ডে খাশ পুকুর পাড় নুরু চৌকিদার জামে মসজিদের ঈদগাহ মাঠ সিসি করন। | ১,০০,০০০/- | টেন্ডার |
| ৩৭ | ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে সিরাজগঞ্জ বাজারের দক্ষিণ পার্শ্বে কোড়ালিয়া বাজার রাস্তার মাথা পর্যন্ত ইউজেডআর উপজেলা সড়কের রাস্তার পটহোল মেরামত করন। | ২,৭০,০০০/- | টেন্ডার |
| ৩৮ | ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে ৫নং ওয়ার্ডে হান্নান মেম্বারের বাড়ীর সামনে  ও সুর্যমূখী সড়কের উপর এবং কোড়ালিয়া বাজারে পার্শ্বে রাস্তার উপর ত্রানের ব্রীজের দুই পার্শ্বে এক্রোস পাকা করন। | ১,০৯,০০০/- | পিআইসি |

তিনি সভায় উপরোক্ত প্রকল্প সমূহ অনুমোমনের প্রস্তাব প্রেরণ করেন।

| | | | |
|---|---|---|---|
| | ৩। উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা সভায় জানান যে, মনপুরা উপজেলা পরিষদের ঈদগাহ মাঠ না থাকায় মনপুরা উপজেলায় উপজেলা কেন্দ্রীয় ঈদগাহ মাঠ নির্মাণ করা প্রয়োজনবিধায় উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন পাওয়া আবশ্যক। এছাড়াও তিনি সভায়  জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও  শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন নির্মাণ কাজের অসমাপ্ত কিছু কাজ রয়েছে তাই উল্লিখিত যেমন: আনসার ব্যারাকের ফল্‌স সিলিং, সিলিং ফ্যান, সংযোগ সড়ক,অতিরিক্ত দরজা/জানালা, কলাম, বৈদ্যুতিক লাইন এবং সংশ্লিষ্ট ডিভাইস ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে মেইন গেইটে সেন্ট্রি পোস্ট নির্মাণ করা প্রয়োজন বিধায় উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন পাওয়া আবশ্যক। | ৩) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উল্লিখিত উপজেলা পরিষদের মাসিক সভায় ৩নং এর ক ও খ চূড়ান্ত অনুমোদনে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা-ভোলাকে অতিদ্রুত প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদন গ্রহণের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা। |
| ১১ | **<u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল, কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক র্কাক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, মনপুরা, ভোলা। |

৩১/০১/২০২২

| | | | |
|---|---|---|---|
| ১২ | **<u>উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক র্কাক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে এবং সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৩ | **<u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের আওতায় মনপুরা উপজেলার ০২টি ইউনিয়নের ০২টি স্কুলে ০২টি কিশোরী সংঘ গঠন করা হয়েছে। স্কুল সমূহে কিশোরী সংঘের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাকি রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৪ | **<u>উপজেলা বন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, মনপুরা উপজেলায় চর পিয়াল এলাকায় হরিনের অবাধ বিচরনের জন্য একটি বড় পুকুর এবং একটি উচু জায়গা নির্মানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করা হয়েছে। দ্রুত এ বিষয়ে প্রাক্কলন প্রস্তুতপূর্বক পত্র প্রেরন করা হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দ্রুত পত্র প্রেরনের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৫ | **<u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, ১২-১৭ বছরের শিক্ষার্থীদের কোভিট-১৯ টিকার ১ম ডোজ সম্প্নন হয়েছে। আগামী মাসে যথাসময়ে সকল শিক্ষার্থীদের ২য় ডোজ প্রদান করা প্রদানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মনপুরা, ভোলা। |
| ১৬ | **<u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পরিকল্পনা কর্মকর্তা। |
| ১৭ | **<u>উপজেলা দারিদ্র বিমোচন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৮ | **<u>আমার বাড়ি আমার খামার বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মনপুরা। |

২১/০১/২০২২

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **বিবিধ ঃ**<br>১) উপজেলা পরিষদের বাসা ভাড়া আদায়।<br><br>উপজেলা নির্বাহী অফিার, মনপুরা, ভোলা সভায় জানান যে, উপজেলা পরিষদের বাসা ভাড়া আদায় সংক্রান্ত রেজিস্ট্রার পর্যালোচনা করে দেখা যায় যে বিভিন্ন ব্যাক্তিগণের নিকট উপজেলা পরিষদের বকেয়া বাসা ভাড়া পাওনা রয়েছে। এ প্রেক্ষিতে উল্লেখিত ব্যক্তিদের নির্দিষ্ট সময় বেঁধে দিয়ে বকেয়া ভাড়া পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হলে সকল ভাড়াটিয়া অত্র কার্যালয়ে যোগাযোগ করে বাসা ভাড়া আংশিক বাসা পরিশোধ করলেও মিসের্স আমেনা বেগম, মাঠ কর্মী পল্লী জীবিকায়ন প্রকল্প মনপুরা, ভোলা তার বকেয়া বাসা ভাড়া ১১০৪০০/- টাকা পরিশোধ করেন নাই। মিসের্স আমেনা বেগমকে ০২ বার তাগিদপত্র প্রদান করা হলেও তিনি বাসা ভাড়া পরিশোধের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। এমতাবস্থায় তার বিষয়ে পরবর্তী করনীয় বিষয়ে সকলের মতামত জানতে চাওয়া হয়। | ১) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সরকারী টাকা আদায়ের লক্ষ্যে তার বিরুদ্ধে সার্টিফিকেট মামলা রুজু করনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও তার এবং তার স্বামীর বেতন ভাতাদি বন্ধ রাখার সুপারিশ করে পল্লী জীবিকায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা ও তার স্বামীর কর্মস্থল উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেলিনা আকতার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মনপুরা, ভোলা।
✆ ০১৭১৫-২৪৬৭৮৯
✉ uzpmonpura@gmail.com

৩১/০১/২০২২

স্মারক নং- ৪৬.১০.০৯৬৫.০০০.০৪.০১৯.২২- তারিখঃ ৩১/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয়  সংসদ সদস্য, ১১৮, ভোলা - ৪ (চরফ্যাশন-মনপুরা)।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক, ভোলা।
০৫. জনাব ---------------------------------------- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা,ভোলা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০৬.  উপজেলা ............................................ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৭. চেয়ারম্যান, .......................................... ইউপি, মনপুরা, ভোলা।
০৮. জনাব .................................................

(মোঃ শামীম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
মনপুরা, ভোলা।
☎ ০৪৯২৬-৫৬০০১
unomonpura@mopa.gov.bd